

(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ত্রাণ প্রশাসন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০.৮১০.১৮.০৩৫.১২-৩৮৭

তারিখ: ১২-১২-২০১৭ খ্রি:

প্রজ্ঞাপন

যেহেতু, নওগাঁ জেলার আগ্রাই উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (১ম শ্রেণি) জনাব নতেন্দু নারায়ন চৌধুরী-এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, সমর্পিত জেলা কার্যালয়, রংপুর কর্তৃক দায়েরকৃত লালমনিরহাট জেলার কালিগঞ্জ থানার (মামলা নং-৩৫, তারিখ ৩১-১২-২০১৪) মামলায় গ্রেফতার করে কারাগারে প্রেরণ করায় এ মন্ত্রণালয়ের ১৭-০১-২০১৭ খ্রি: তারিখের ৫১.০০.০০০.৮১০.১৮.০৩৫.১২-২০ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

২। যেহেতু, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়ের ১৯-০২-২০১৭ খ্রি: তারিখের দুদক/সি/২০৯/২০১৫/লালমনিরহাট/(অনু ও তদন্ত)/৫৯৮৬ নং পত্রে কালিগঞ্জ থানায় বর্ণিত ৩৫ নং মামলার চূড়ান্ত প্রতিবেদন (এফআরটি) দাখিলের জন্য দুদক, সমর্পিত জেলা কার্যালয়, রংপুর ব্যবাবে অনুমোদন দেয়া হয় এবং দুদক সমর্পিত জেলা কার্যালয়, রংপুর হতে উক্ত অনুমোদিত পত্রটি গত ২৩-০৩-২০১৭ খ্রি: তারিখে বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, লালমনিরহাট ব্যবাবে দাখিল করা হয় এবং বিজ্ঞ স্পেশাল জজ আদালত, লালমনিরহাট কর্তৃক গত ১৮-০৫-২০১৭ খ্রি: তারিখে তা গৃহীত হয় এবং উক্ত মামলা হতে উত্তৃত স্পেশাল ০৩/১৭ নং মামলার দায় হতে পিআইও জনাব নতেন্দু নারায়ন চৌধুরী-কে অভিযোগ প্রমাণিত না হওয়ায় অব্যাহতি প্রদান করা হয়; এবং

৩। যেহেতু, মন্ত্রিপরিষদ বিভাগের ০৪-১১-২০১৭ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৫২১.২৭.০২৬.১৫-৯৯৫ সংখ্যক পত্রে এ মন্ত্রণালয়কে অবহিত করা হয় যে, জনাব নতেন্দু নারায়ন চৌধুরী-এর বিরুদ্ধে কালিগঞ্জ (লালমনিরহাট) থানায় দায়েরকৃত মামলাসমূহে দুর্নীতি দমন কমিশন কর্তৃক তাকে অব্যাহতি প্রদানের সুপারিশ করে চূড়ান্ত প্রতিবেদন সত্য (FRT) বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে, যা বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

৪। যেহেতু, লালমনিরহাট জেলার কালিগঞ্জ থানায় দায়েরকৃত মামলাসমূহ থেকে জনাব নতেন্দু নারায়ন চৌধুরী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আগ্রাই, নওগাঁ-কে অব্যাহতি দেওয়া হয়েছে;

৫। সেহেতু, বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ অনুযায়ী তার বিরুদ্ধে এ মন্ত্রণালয়ের ১৭-০১-২০১৭ খ্রি: তারিখের ৫১.০০.০০০.৮১০.১৮.০৩৫.১২-২০ সংখ্যক প্রজ্ঞাপন মূলে প্রদত্ত সাময়িক বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকালীন সময় (on duty) হিসেবে গণ্য হবে এবং গৃহীত খোরপোষ ভাতা প্রাপ্ত বেতন-ভাতাদির সাথে সমর্পয় হবে।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
( মোঃ শাহ্ কামাল )  
সচিব

অঃপঃদ্রঃ/২

স্মারক নং-৫১.০০.০০০.৪১০.১৮.০৩৫.১২-৩৮৭/১(১২)

তারিখঃ ২১-১২-২০১৭ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁ।

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (আদেশটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, আত্রাই, নওগাঁ।
- ৮। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯।  
১০। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নওগাঁ।
- ১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, আত্রাই, নওগাঁ।
- ১২। জনাব নভেন্দু নারায়ণ চৌধুরী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আত্রাই, নওগাঁ।

( মোঃ নূরুল্লাহ )  
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।